বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ

# আগস্ট/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
তারিখ : ২৭ আগস্ট, ২০২৫
সময় : সকাল ১০.৩০ মিনিট
সভার স্থান : বাপেক্স বোর্ড রুম
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | কার্যবিবরণী নিশ্চিতকরণ | ব্যবস্থাপনা পরিচালক সভায় উপস্থিত মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তাকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি কোম্পানি সচিবকে অনুরোধ করেন। কোম্পানি সচিব ব্যবস্থাপনা পরিচালকসহ উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর গত ২৭.০৭.২০২৫ তারিখে অনুষ্ঠিত জুলাই/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন মতামত ও সংশোধনের প্রয়োজন আছে কিনা জানতে চান। কোন মতামত না থাকায় সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ কার্যবিবরণীটি নিশ্চিতকরণের পক্ষে একমত প্রকাশ করেন। | ১। জুলাই/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | ১। উপমহাব্যবস্থাপক (বোর্ড) |
| ২। | জামালপুর-১ কূপ খনন প্রকল্প | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য সম্ভাব্য লোকেশন সরেজমিন পরিদর্শনপূর্বক তা জিএন্ডজি কমিটি কর্তৃক অনুমোদন করতঃ কূপ খননের স্থান নির্ধারণ করা হয়েছে। এছাড়াও, বাপেক্স এর বিদ্যমান গ্যাস ফিল্ডের প্রসেস প্লান্টসমূহ থেকে জামালপুর-১ কূপের গ্যাস উৎপাদনের জন্য প্রসেস প্লান্টের সম্ভাবতা যাচাই করা হচ্ছে। তিনি আরো জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের বিষয়ে Environmental Impact Assesment (EIA)-এর জন্য প্রশাসন বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে এবং গঠিত কমিটি কর্তৃক ব্যয় প্রাক্কলন তৈরির কাজ চলমান আছে। কমিটি কর্তৃক ব্যয় প্রাক্কালন তৈরির কাজ সম্পন্ন হলে Feasibility Study-এর জন্য IIFC-তে প্রেরণ করা হবে। এ পর্যায়ে ব্যবস্থাপক (অপারেশন এন্ড ফিল্ড উন্নয়ন) ও প্রকল্প ব্যবস্থাপক ড. কাজী ফায়েজ আলম জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য প্রায় ১ কি.মি করে রাস্তা তৈরি করতে হবে। তিনি আরো জানান যে, জামালপুর নর্থ-১ কূপ খননের মালামাল আনা-নেয়ার ক্ষেত্রে একটি ব্রিজ থাকায় ট্রেইলর যাতায়াতে অসুবিধার সম্মুখীন হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই, জামালপুর-২ কূপ খননের পর জামালপুর নর্থ-১ কূপ খনন করা যৌক্তিক হবে বলে মতামত ব্যক্ত করেন। আলোচনায় অংশ নিয়ে উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) জনাব মোঃ আশরাফুল আলম বলেন যে, জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য | ১। দ্রুততম সময়ে জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) |
| | | | ২। জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | ২। প্রকল্প ব্যবস্থাপক, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খনন প্রকল্প |
| | | | ৩। জামালপুর-১ কূপ হতে গ্যাস উৎপাদন কার্যক্রম শুরু করার লক্ষ্যে বাপেক্স এর বিদ্যমান গ্যাস ফিল্ডের প্রসেস প্লান্টসমূহের সম্ভাব্যতা যাচাই করতে হবে। | ৩। মহাব্যবস্থাপক (উৎপাদন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বিদ্যমান রাস্তার পরিবর্তে বিকল্প রাস্তা তৈরি করা গেলে ব্রিজজনিত সমস্যা এড়ানো সম্ভব হবে।<br>ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ে জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং ভূমি অধিগ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়াও, তিনি জামালপুর-১ কূপ হতে গ্যাস উৎপাদন শুরু করার লক্ষ্যে বাপেক্স এর বিদ্যমান গ্যাস ফিল্ডের প্রসেস প্লান্টসমূহের সম্ভাব্যতা যাচাই করার পরামর্শ প্রদান করেন। | | |
| ৩। | ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান, ভোলা নর্থ-১, ২ এবং ইলিশা-এ গ্যাস গ্যাদারিং লাইন নির্মাণের জন্য ইতোমধ্যে যৌথ সার্ভে সম্পন্ন হয়েছে। প্রসেস প্ল্যান্ট কমিশনিং এবং গ্যাস সরবরাহের জন্য সঞ্চালন পাইপলাইন নির্মাণের লক্ষ্যে গত ২২.০৬.২০২৫ তারিখে জিটিসিএল বরাবর পত্র প্রেরণ করা হয়েছে এবং Letter of Credit (LC) স্থাপন করা হয়েছে।<br>ব্যবস্থাপনা পরিচালক গ্যাস গ্যাদারিং লাইন নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণের বিষয়টি মহাব্যবস্থাপক (নির্মাণ) এবং প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম তদারকির নির্দেশনা প্রদান করেন। এছাড়াও, গ্যাস সরবরাহের লক্ষ্যে সঞ্চালন পাইপলাইন নির্মাণের জন্য জিটিসিএল এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করা হয়। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) ও প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম তদারকি করতে হবে।<br>২। প্রসেস প্ল্যান্ট কমিশনিং এবং গ্যাস সরবরাহের লক্ষ্যে সঞ্চালন পাইপলাইন নির্মাণের জন্য জিটিসিএল এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৪। | Drilling Rig ক্রয় | উপমহাব্যবস্থাপক (ম্যাটেরিয়াল প্রোগ্রামিং এবং সিএমটিডব্লিউ) জানান যে, ১০০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন অনুযায়ী রিগের ব্যয় প্রাক্কলন তৈরির কাজ সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করা হয়েছে। কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী ১০০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে প্রাক্কলিত ব্যয় ৪৬৫ কোটি থেকে ৩৫৮ কোটি টাকা প্রাক্কলন করে একটি Presentation প্রস্তুত করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক যৌক্তিকভাবে ব্যয় হ্রাস করে পেট্রোবাংলায় উপস্থাপনের লক্ষ্যে একটি Presentation প্রস্তুত করার পরামর্শ প্রদান করেন। | ১। যৌক্তিকভাবে ব্যয় হ্রাস করে একটি Presentation পেট্রোবাংলায় উপস্থাপন করতে হবে। | ১।মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) |
| ৫। | গভীর কূপ খনন প্রকল্প | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, প্রকল্প যাচাই কমিটির সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠনপূর্বক পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হলে গত ০৮-০৭-২০২৫ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার নির্দেশনা অনুযায়ী ডিপিপি পুনর্গঠনপূর্বক পেট্রোবাংলার এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাধ্যমে পরিকল্পনা কমিশনে পুনরায় প্রেরণ হয়েছে যা একনেক-এ উপস্থাপনের জন্য অপেক্ষমাণ রয়েছে। ডিপিপি অনুমোদিত হলে Notification of Award (NOA) প্রদান করা হবে। | ১। ডিপিপি অনুমোদিত হলে ঠিকাদারকে NOA প্রদান করতে হবে।<br>২। দেশের বৃহত্তর স্বার্থে বাখরাবাদ ওয়ার্কওভার কাজ সম্পন্ন করেই শ্রীকাইল ডিপ-১ কূপ খনন করার বিষয়ে ঠিকাদারকে পত্রের মাধ্যমে অবহতি করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে মোবারকপুর ডিপ-১ কূপের রাস্তা তৈরির কাজ শুরু হয়েছে এবং কিছু কাজের work order প্রক্রিয়াধীন রয়েছে। আলোচনায় অংশ নিয়ে উপমহাব্যবস্থাপক (এস্টেট এন্ড ল্যান্ড একুইজিশন) জানান যে, শ্রীকাইল ডিপ-১ ভূমি অধিগ্রহণ কার্যক্রম চলমান আছে এবং ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপের জন্য ভূমি অধিগ্রহণের বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার হতে একটি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে যা দ্রুত সময়ের মধ্যে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। তিনি আরো জানান যে, ফেঞ্চুগঞ্জ চা বাগান মালিক পক্ষ হতে ৪.৭০ কোটি টাকা ক্ষতিপূরণের দাবি করা হয়েছে যা বাপেক্স ও জেলা প্রশাসকের কার্যালয়, ফেঞ্চুগঞ্জ এর সমন্বয়ে ক্ষতিপূরণ নির্ধারণের কাজ চলছে। উপমহাব্যবস্থাপক (মাড ইঞ্জিনিয়ারিং) সভায় জানান যে, ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপের জন্য আহবায়িত দরপত্র ৩০-০৮-২০২৫ তারিখে উন্মোচন করা হবে। তিনি আরো জানান যে, বাখরাবাদ ওয়ার্কওভার কাজ সম্পন্ন করেই শ্রীকাইল ডিপ-১ কূপ খনন করা সমীচীন।<br>ব্যবস্থাপনা পরিচালক ডিপিপি অনুমোদিত হলে ঠিকাদারকে NOA প্রদান ও কূপের যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্নকরণ এবং দেশের বৃহত্তর স্বার্থে বাখরাবাদ ওয়ার্কওভার কাজ সম্পন্ন করেই শ্রীকাইল ডিপ-১ কূপ খনন করার বিষয়ে ঠিকাদারকে পত্রের মাধ্যমে অবহতিকরণ এবং বাপেক্স ও জেলা প্রশাসকের কার্যালয়, ফেঞ্চুগঞ্জ এর সমন্বয়ে চা বাগান মালিক পক্ষ হতে দাবিকৃত ক্ষতিপূরণ কমানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ৩। কূপের যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>৪। বাপেক্স ও জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর সমন্বয়ে চা বাগান মালিক পক্ষ হতে দাবিকৃত ক্ষতিপূরণ কমানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৬। | সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, সুবর্ণচর ও ফেনী এলাকায় ইতোমধ্যে ক্লোজগ্রিড ২ডি সার্ভে সম্পন্ন করে কূপ খননের উদ্যোগ নেয়া হয়েছে। খননতব্য কূপসমূহে খননের পরে গ্যাস আবিষ্কৃত হলে পরবর্তীতে ৩ডি সার্ভে করা হবে। তিনি আরো জানান যে, ৩ডি সাইসমিক সার্ভে কাজের জন্য প্রস্তাবিত শৈলকূপা এলাকা পেট্রোবাংলার ফেন্স এলাকার আওতাধীন হওয়ায় উক্ত এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে কাজের জন্য পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা প্রয়োজন। বিভাগীয় প্রধান (ভূপদার্থ) জানান যে, শৈলকূপা এলাকায় বাপেক্সের জন্য ব্লক বরাদ্দ এবং ৩ডি সাইসমিক সার্ভে করার অনুমতি কামনা করে পেট্রোবাংলায় প্রেরণের লক্ষ্যে একটি পত্র প্রস্তুত করা হয়েছে। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক শৈলকূপা এলাকায় বাপেক্সের জন্য ব্লক বরাদ্দ এবং ৩ডি সাইসমিক সার্ভে করার অনুমতি কামনা করে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করার পরামর্শ প্রদান করেন। | ১। শৈলকূপা এলাকায় বাপেক্সের জন্য ব্লক বরাদ্দ এবং ৩ডি সাইসমিক সার্ভে করার অনুমতি কামনা করে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি)<br>২। বিভাগীয় প্রধান (ভূপদার্থ) |
| ৭। | চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, গত ২১ জুলাই ২০২৫ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব মহোদয়ের সাথে বাপেক্স এর সাইসমিক কার্যক্রম সম্পাদন বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পটি দুই ধাপে সম্পাদন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রথম ধাপে চরফ্যাশন এলাকা এবং ভোলা মূল ভূ-খন্ডের অন্য কোন | ১। অর্থ বিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। বিভাগীয় প্রধান (ভূপদার্থ)<br>২। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | স্থান উপযুক্ত বিবেচিত হলে সেটি অন্তর্ভুক্ত করে ৩-ডি সাইসমিক সার্ভে প্রকল্প গ্রহণ; ২য় ধাপে হাতিয়া, মনপুরা এবং অন্য কোন দ্বীপ এলাকা উপযুক্ত বিবেচিত হলে সেটি অন্তর্ভুক্ত করে ৩-ডি সাইসমিক সার্ভে প্রকল্প গ্রহণ করার বিষয় উল্লেখ করা হয়। উপরিউক্ত সিদ্ধান্ত অনুযায়ী অঞ্চভিত্তিক পূর্ণাঞ্চ ব্যয় প্রাক্কলন প্রস্তুতের জন্য গঠিত কমিটির সিদ্ধান্তের আলোকে কমিটি কর্তৃক সার্বিক বিবেচনায় ১ম ধাপে ভোলা মূল ভূ-খন্ডের ভোলা গ্যাসক্ষেত্র এবং তৎসংলগ্ন এলাকায় ৬০০ কি.মি এর সাথে সংযুক্ত করে চরফ্যাশন এলাকা অন্তর্ভুক্ত করে ৬৬০ কি.মি ৩-ডি সাইসমিক সার্ভে এলাকা সুনির্দিষ্ট করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, চরফ্যাশন এলাকায় ৩-ডি সাইসমিক সার্ভে কাজ GDF হতে অর্থায়নের মাধ্যমে সম্পাদনের জন্য অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণ করা হয়েছে। তাই, দ্রুততম সময়ে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প ব্যবস্থাপক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়। | ২। দ্রুততম সময়ে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প ব্যবস্থাপক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) |
| ৮। | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাক (নিরীক্ষা) জানান যে, বাপেক্স-এ বর্তমানে মোট ৩১২টি (Non SFI-৬৬টি, SFI ১৯৪টি, সংকলনভুক্ত ও পিএ কমিটি ২৪টি) নিরীক্ষা আপত্তি রয়েছে। নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা আয়োজনের চেষ্টা অব্যাহত আছে। ব্যবস্থাপনা পরিচালক অডিট আপত্তি এড়ানোর লক্ষ্যে নথি উপস্থাপনের সময় আরো সতর্ক থাকার পরামর্শ প্রদান করেন। এছাড়াও নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের মাধ্যমে বাপেক্সের অডিট আপত্তির সংখ্যা কমানোর উপর গুরুত্বারোপ করেন এবং বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা আয়োজন করতে হবে।<br>২। বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| ৯। | রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কার্যক্রম বাপেক্স এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের বিষয়টি পরিচালক পর্ষদের ৪৯৮তম সভায় অনুমোদিত হয়েছে। বিজয়-১২ রিগ দ্বারা কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে রূপগঞ্জ-১ কূপ খনন এলাকায় নভেম্বর, ২০২৫ মাসের শেষ নাগাদ স্থানান্তর করা যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার এর জন্য পূর্ত কাজ চলমান আছে। সেপ্টেম্বর, ২০২৫ এর মধ্যে পূর্ত কাজ সম্পন্ন হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভায় কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার এলাকায় স্থানান্তর এবং দ্রুত পূর্ত কাজ সম্পন্নের পক্ষে একমত প্রকাশ করা হয়। | ১। কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপ এলাকায় স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| | | | ২। রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ সম্পাদনের লক্ষ্যে দ্রুত পূর্ত কাজ সম্পন্ন করতে হবে। | ২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১০ | বাপেক্সের অকেজো মালামাল স্থানান্তর | উপমহাব্যবস্থাপক (ভান্ডার) জানান যে, বাপেক্সের অকেজো মালামাল স্থানান্তরের জন্য গঠিত কমিটির তত্ত্বাবধানে গত ২১-০৮-২০২৫ তারিখে এক চালান বাপেক্সের অকেজো মালামাল রূপগঞ্জ-১ এ স্থানান্তর করা হয়েছে এবং আগামী সপ্তাহে দ্বিতীয় চালান অকেজো মালামাল স্থানান্তর করা হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। মহাব্যবস্থাপক (প্রশাসন) সভায় জানান যে, অকেজো মালামাল সংক্রান্ত নীতিমালা প্রেরণের জন্য BGFCL বরাবর একটি পত্র প্রেরণ করা হয়েছে। BGFCL হতে উক্ত নীতিমালা পাওয়া | ১। বাপেক্সের অকেজো মালামাল দ্রুত অপসারণ/ স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। বাপেক্সের অকেজো মালামাল সংক্রান্ত একটি কার্যপত্র (Board Paper) প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>৩। উপমহাব্যবস্থাপক (ভান্ডার) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | গেলে সে আলোকে বাপেক্সের অকেজো মালামাল সংক্রান্ত একটি কার্যপত্র (Board Paper) প্রস্তুত করা হবে। ব্যবস্থাপনা পরিচালক BGFCL হতে অকেজো মালামাল সংক্রান্ত নীতিমালা সংগ্রহপূর্বক একটি কার্যপত্র (Board Paper) প্রস্তুত করার পরামর্শ প্রদান করেন। | | |
| ১১। | সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় মালামাল সংরক্ষিত আছে। পরিচালক পর্ষদের সভায় এ বিষয়ে কার্যপত্র উপস্থাপন করা হলে তা অনুমোদিত হয়। তিনি আরো জানান যে, সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার কার্যক্রম বিজয়-১৮ রিগের মাধ্যমে সম্পাদন করা হবে। রশিদপুর-৩ কূপ ওয়ার্কওভার সম্পন্ন শেষে সেপ্টেম্বর, ২০২৫-এ সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার এলাকায় বিজয়-১৮ রিগ স্থানান্তর করা যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। | ১। দ্রুততম সময়ে সেমুতাং-৬ ওয়ার্কওভার এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ১২। | সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার | বিভাগীয় প্রধান (পরিকল্পনা ও আইসিটি) জানান যে, জানান যে, সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার সম্পাদনের জন্য কারিগরি/আর্থিক বিষয়াদি খতিয়ে দেখার লক্ষ্যে ভূ-তাত্ত্বিক বিভাগ হতে তথ্যাদি সংগ্রহ করা হয়েছে। মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, আগামী ০৫.০৯.২০২৫ হতে আইপিএস কার্ডওয়েল রিগ বিয়ানীবাজার স্থানান্তর শুরু হবে। কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত মোতাবেক বিয়ানীবাজার কূপ ওয়ার্কওভার সম্পন্ন শেষে শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার এলাকায় আইপিএস কার্ডওয়েল রিগ স্থানান্তর করা যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। ব্যবস্থাপনা পরিচালক ০২-০৯-২০২৫ তারিখে অনুষ্ঠেয় পেট্রোবাংলার সভায় উপস্থাপন এবং বাপেক্স এর রিগ শিডিউল-এ বিষয়টি অন্তর্ভুক্ত করার পরামর্শ প্রদান করেন। এছাড়াও, তিনি সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার সম্পাদনের জন্য কারিগরি/আর্থিক বিষয়াদি খতিয়ে দেখার জন্য মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস), মহাব্যবস্থাপক (প্রকৌশল), মহাব্যবস্থাপক (খনন) এবং মহাব্যবস্থাপক (উৎপাদন) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করার নির্দেশনা প্রদান করেন। | ১। সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার সম্পাদনের জন্য কারিগরি/আর্থিক বিষয়াদি খতিয়ে দেখার জন্য মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস), মহাব্যবস্থাপক (প্রকৌশল), মহাব্যবস্থাপক (খনন) এবং মহাব্যবস্থাপক (উৎপাদন) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। | ১।মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| | | | ২। সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার সম্পাদনের বিষয়ে ০২-০৯-২০২৫ তারিখে অনুষ্ঠেয় পেট্রোবাংলার সভায় উপস্থাপন করতে হবে।<br>৩। শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার সম্পাদনের লক্ষ্যে আইপিএস কার্ডওয়েল রিগ দ্রুত স্থানান্তরের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) |
| ১৩। | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার | উপমহাব্যবস্থাপক (এইচএসই) জানান যে, বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতকর্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং বাপেক্স ভবনের ছাদে Thunder Arrestor স্থাপনের বিষয়ে গঠিত কমিটির | ১। বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>২। উপমহাব্যবস্থাপক (এইচএসই) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রতিবেদন ২৭-০৮-২০২৫ তারিখে দাখিল করা হয়েছে। উপমহাব্যব্যস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, বাপেক্স ভবনে পরীক্ষাগার বিভাগ, লেভেল-১, লেভেল-৬ ও ছাদে সর্বমোট ছয়টি বার্নারের জন্য স্থাপিত গ্যাস সংযোগগুলো ভবনের দক্ষিণ পাশের স্যানেটারী ডাক্ট ও ফ্লোর টাইলসের নিচ দিয়ে নেয়ার পরিবর্তে সারফেস দিয়ে স্থাপন করা সমীচীন। সভায় বাপেক্স ভবনের ছাদে Thunder Arrestor স্থাপন এবং ভবনের প্রয়োজনীয় বার্নারের গ্যাস সংযোগগুলোর স্যানেটারী ডাক্ট ও ফ্লোর টাইলসের নিচ দিয়ে নেয়ার পরিবর্তে বিকল্প ব্যবস্থা গ্রহণ করার পক্ষে একমত প্রকাশ করা হয়। | ২। দ্রুত বাপেক্স ভবনের ছাদে Thunder Arrestor স্থাপন এবং বাপেক্স ভবনের ঝুঁকিপূর্ণ গ্যাস সংযোগগুলোর স্যানেটারী ডাক্ট ও ফ্লোর টাইলসের নিচ দিয়ে নেয়ার পরিবর্তে বিকল্প ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ২। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১৪। | রিগের পিরিয়ডিক মেইনটেইনেন্স ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম | মহাব্যবস্থাপক (প্রকৌশল) সভায় জানান যে, রিগের পিরিয়ডিক মেইনটেইনেন্স ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম চলমান আছে। সভায় ধারাবাহিকভাবে রিগের পিরিয়ডিক মেইনটেইনেন্স ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার পক্ষে একমত প্রকাশ করা হয়। | রিগের পিরিয়ডিক মেইনটেইনেন্স ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ১৫। | বিবিধ | ১৫.১। মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, বাপেক্স ভবনের নিরাপত্তার স্বার্থে বাউন্ডারি ওয়াল আরো উঁচু করার লক্ষ্যে প্রয়োজনীয় ড্রইং/ডিজাইন সম্পন্ন হয়েছে। উক্ত বিষয়ে গঠিত প্রাক্কলন কমিটি ২৫-০৮-২০২৫ তারিখে প্রতিবেদন দাখিল করেছে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনের নিরাপত্তার স্বার্থে প্রয়োজন অনুযায়ী বাউন্ডারি ওয়াল আরো উঁচু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স ভবনের নিরাপত্তার স্বার্থে প্রয়োজন অনুযায়ী বাউন্ডারি ওয়াল আরো উঁচু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| | | ১৫.২। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, কাপাসিয়ায় ভূপদার্থিক বিভাগের মালামাল (২ডি ও ৩ডি সাইসমিক সার্ভে), পরীক্ষাগার বিভাগের মালামাল এবং জিওলজিক্যাল পার্টির মালামাল রাখার জন্য ১টি গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণের জন্য গঠিত কমিটির কাজ চলমান আছে। উক্ত বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করা হবে। ব্যবস্থাপনা পরিচালক ৩১-০৮-২০২৫ তারিখের মধ্যে প্রতিবেদনটি দাখিল করার নির্দেশনা প্রদান করেন। | ১। গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণ গঠিত কমিটির প্রতিবেদন ৩১-০৮-২০২৫ তারিখের মধ্যে প্রতিবেদনটি দাখিল করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (ভূপদার্থ) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি<br>২। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি |
| | | ১৫.৩। মহাব্যবস্থাপক (খনন) জানান যে, বাপেক্স এর রাজস্ব বাজেট হতে ন্যূনতম ২টি কূপ খনন ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল ক্রয়ের জন্য ০৮টি দরপত্রের মধ্যে ০৪টি দরপত্রের বিপরীতে ইতোমধ্যে ক্রয়াদেশ (Purchase Order) দেয়া হয়েছে। অবশিষ্ট ০৪টি দরপত্রের বিপরীতে প্রয়োজনীয় মালামাল দ্রুত ক্রয়ের প্রক্রিয়া চলমান রয়েছে। সভায় ২টি কূপ খনন ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় মালামাল দ্রুত ক্রয়ের ব্যবস্থা গ্রহণের পক্ষে একমত প্রকাশ করা হয়। | ১। বাপেক্স এর রাজস্ব বাজেট হতে ন্যূনতম ২টি কূপ খনন ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল দ্রুত ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১৫.৪। মহাব্যবস্থাপক (প্রশাসন) বলেন যে, বাপেক্স ভবনের প্রতিটি ফ্লোরে সুন্দর ও স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিতের লক্ষ্যে ফ্লোর স্ট্যান্ড/ এসি স্থাপন অথবা প্রযোজ্য ক্ষেত্রে বিকল্প ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটি সরেজমিন পরিদর্শন করেছে। কমিটির নিকট বাপেক্স ভবনের প্রতিটি ফ্লোরে ফ্লোর স্ট্যান্ড/এডজাস্ট ফ্যান স্থাপন করা বাস্তবসম্মত বলে বিবেচিত হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনে স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিতের লক্ষ্যে ফ্লোর স্ট্যান্ড/এডজাস্ট ফ্যান স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স ভবনে স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিতের লক্ষ্যে ফ্লোর স্ট্যান্ড/ এডজাস্ট ফ্যান স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| | | ১৫.৫। মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় অবহিত করেন যে, বাপেক্সের মাধবপুর রিগ বেইজে অফিস কাম ডরমিটরি ভবন নির্মাণ করার লক্ষ্যে ড্রইং/ডিজাইন/নকশা প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়েছে। তবে, মাধবপুর রিগ বেইজে অফিস কাম ডরমিটরি ভবন নির্মাণ করার জন্য বাজেট বরাদ্দ সরকারি নির্দেশনা অনুযায়ী বর্তমানে স্থগিত আছে। ব্যবস্থাপনা পরিচালক মাধবপুর রিগ বেইজের অফিস কাম ডরমিটরি ভবন নির্মাণ করার লক্ষ্যে একটি কার্যপত্র প্রস্তুত রাখার পরামর্শ প্রদান করেন। | ১। মাধবপুর রিগ বেইজে অফিস কাম ডরমিটরি ভবন নির্মাণ করার লক্ষ্যে একটি কার্যপত্র প্রস্তুত রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| | | ১৫.৬। মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, বাপেক্স ভবন ও চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়সহ বাপেক্স এর অন্যান্য স্থাপনায় সোলার প্যানেল স্থাপনের জন্য গঠিত কমিটির প্রতিবেদন দাখিল করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্সের চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়-এ কিভাবে সোলার প্যানেল স্থাপন করা যায় সেটি খতিয়ে দেখার এবং কারিগরি বিনির্দেশ (Technical Specifications) তৈরি করার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়াও, সোলার প্যানেল স্থাপনের বিষয়ে SolarCT Apps এর সহযোগীতা নেয়ার পরামর্শ প্রদান করেন।<br><br>সভায় বাপেক্সের চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়-এ সোলার প্যানেলের কারিগরি বিনির্দেশ (Technical Specifications) তৈরি করার কাজে প্রকৌঃ মোঃ আরমান ইবনে আজিজ, উপমহাব্যবস্থাপক, কেন্দ্রীয় সাধারণ ভান্ডার উপবিভাগ-কে দায়িত্ব প্রদানের পক্ষে একমত প্রকাশ করা হয়। | ১। বাপেক্স ভবন ও চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়সহ বাপেক্স এর অন্যান্য স্থাপনায় সোলার প্যানেল স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| | | | ২। বাপেক্সের চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়-এ সোলার প্যানেল স্থাপন করার বিষয়টি খতিয়ে দেখতে হবে এবং কারিগরি বিনির্দেশ (Technical Specifications) তৈরি করতে হবে। | ২। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) |
| | | | ৩। সোলার প্যানেলের কারিগরি বিনির্দেশ (Technical Specifications) তৈরি করার জন্য প্রকৌঃ মোঃ আরমান ইবনে আজিজ, উপমহাব্যবস্থাপক, কেন্দ্রীয় সাধারণ ভান্ডার উপবিভাগ, আঞ্চলিক কার্যালয়, বাপেক্স-কে দায়িত্ব প্রদান করতে হবে। | ৩। বিভাগীয় প্রধান, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, বাপেক্স |
| | | ১৫.৭। উপমহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, সর্বশেষ আইনী মতামত এবং পেট্রোবাংলার মতামতের ভিত্তিতে ফেনী ও ছাতক গ্যাস ফিল্ডের তদারকি কাজ ০১-০৮-২০২৪ তারিখ হতে বাপেক্স করে আসছে। তবে, উক্ত গ্যাস ফিল্ডের মালিকানার বিষয়টি নিষ্পত্তি হয়নি। সম্প্রতি | ১। ফেনী ও ছাতক গ্যাস ফিল্ডের মালিকানার বিষয়ে দিক-নির্দেশনা কামনা করে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বিজিএফসিএল ও এসজিএফএল ফেনী ও ছাতক গ্যাস ফিল্ডের কিছু বিষয়ে হস্তক্ষেপ করেছে। তাই, বর্ণিত বিষয়ে দিক-নির্দেশনা কামনা করে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা প্রয়োজন। সভায় ফেনী ও ছাতক গ্যাস ফিল্ডের মালিকানার বিষয়ে দিক-নির্দেশনা কামনা করে পেট্রোবাংলায় পত্র প্রেরণের পক্ষে একমত প্রকাশ করা হয়। | | |
| | | ১৫.৮। উপমহাব্যবস্থাপক (পেনশন এন্ড ট্রাস্ট ফান্ড) জানান যে, গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) এর অর্থায়নে বাস্তবায়িত/সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের লক্ষ্যে গঠিত কমিটির প্রতিবেদন দাখিল করা হয়েছে। তিনি আরো জানান যে, উক্ত প্রতিবেদনে বাপেক্স কর্তৃক গৃহীত ১৭টি প্রকল্পের বিপরীতে ২৮০০ কোটি টাকা ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, জিডিএফ এর অর্থায়নে বাস্তবায়িত/সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব প্রেরণ করা খুবই গুরুত্বপূর্ণ। অন্যথায় উক্ত অর্থ পরিশোধের জন্য পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ তাগাদা আসার সম্ভাবনা রয়েছে। তাই, সংশ্লিষ্ট কমিটিকে জিডিএফ এর অর্থায়নে বাস্তবায়িত/সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এ প্রেরণের পূর্বে আরো যৌক্তিক করার এবং সকল মহাব্যবস্থাপক ও সংশ্লিষ্ট বিভাগের সাথে কমিটি-কে সভা করার নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স কর্তৃক জিডিএফ এর অর্থায়নে বাস্তবায়িত/সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এ প্রেরণের পূর্বে আরো যৌক্তিক করতে হবে।<br>২। বর্ণিত বিষয়ে সকল মহাব্যবস্থাপক ও সংশ্লিষ্ট বিভাগের সাথে সভা আয়োজন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি |
| | | ১৫.৯। উপমহাব্যবস্থাপক (অপারেশন এন্ড ফিল্ড উন্নয়ন) সভায় অবহিত করেন যে, ONGC-এর কিছু মালামাল চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের গুদামে সংরক্ষিত আছে যা প্রতিষ্ঠানটি আর ফেরত নেবে না বলে জানা যায়। তাই, ভবিষ্যৎ জটিলতা এড়ানোর লক্ষ্যে পেট্রোবাংলার মাধ্যমে একটি Inventory করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের গুদামে সংরক্ষিত ONGC-এর মালামালের তালিকা আছে কিনা জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (অপারেশন এন্ড ফিল্ড উন্নয়ন) জানান যে, বর্ণিত মালামালের তালিকা আছে এবং ONGC-উক্ত মালামালের জন্য গুদাম ভাড়া দেয়ার বিষয়ে সম্মত আছে। তবে, Demobilize Charge দেয়ার বিষয়ে অসম্মত হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় হতে একটি কমিটি গঠন করে ONGC-এর মালামালের হালনাগাদ তালিকা প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন। | ১। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় হতে কমিটি গঠন করে ONGC-এর মালামালের হালনাগাদ তালিকা প্রস্তুত করতে হবে। | ১। বিভাগীয় প্রধান, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, বাপেক্স |
| | | ১৫.১০। উপমহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় অবহিত করেন যে, তাঁর নিজ দপ্তরে প্রয়োজনীয় আসবাবপত্র না থাকায় দৈনন্দিন কাজ সম্পাদনে অসুবিধা হচ্ছে। তাই, প্রাধিকার ভিত্তিতে প্রাপ্য আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক নীতিমালা অনুযায়ী প্রাধিকার ভিত্তিতে প্রাপ্য আসবাবপত্র ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১। নীতিমালা অনুযায়ী প্রাধিকার ভিত্তিতে প্রাপ্য আসবাবপত্র ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১৫.১১। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্সে যে ৮৩ জন নতুন কর্মকর্তা যোগদান করার জন্য অপেক্ষমাণ রয়েছে তাদেরকে কোম্পানির কাজে সম্পৃক্ত করার লক্ষ্যে কোন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, প্রচলিত রীতি অনুযায়ী ওরিয়েন্টশন প্রোগাম আয়োজনের মাধ্যমে বাপেক্সের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত করা হবে। সভায় নতুন কর্মকর্তাদের জন্য ওরিয়েন্টশন প্রোগাম আয়োজনের পক্ষে একমত প্রকাশ করা হয়। | ৮৩ জন নতুন কর্মকর্তা যোগদান করার পর তাদেরকে বাপেক্সের কর্মকাণ্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে ওরিয়েন্টশন প্রোগাম আয়োজন করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি)-সহ সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণ |

আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১/০৮/২০২৪

প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ............................................................... বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ........................................................ বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্প ব্যবস্থাপক ........................................ বাপেক্স।
৪) অফিস কপি।